ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/অফিস ছুটি/২০১৫/১০৮৯৩ তারিখ ঃ ১২.০৬.২০২১খ্রি.

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয় বন্ধের সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

(১) ইআবি/রেজি/প্রশা/অফিস ছুটি/২০১৫/১০৮৯১, তারিখ: ৩০.০৫.২০২১

(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৬১, তারিখ: ০৬.০৬.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বন্ধ সংক্রান্ত পত্রের ধারাবাহিকতায় আগামী ১৬.০৬.২০২১ইং তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ বন্ধ থাকবে। তবে বিশ্ববিদ্যালয়ের জরুরী কার্যক্রম চালু রাখার জন্য বিভাগ/দপ্তর প্রধানগণ তাঁদের অধিনস্ত প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

এ সময়ে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে কর্মস্থলে উপস্থিত থেকে সরকারের ঘোষিত সকল নির্দেশনা ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে।

বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার কাজে নিয়োজিত আনসার ও প্রহরীগণ নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করবেন।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

12.6.2021

(ড. মো: আবু হানিফা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭০৫-৪০৮০০৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. পরিদর্শন দপ্তর প্রধান, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. কারিকুলাম উন্নয়ন ও মুল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. পিসি, অঙ্গীভূত আনসার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৬১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৬ জুন ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ।

সূত্র:
(১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০, তারিখ: ১২.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪, তারিখ: ১৩.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৬, তারিখ: ২০.০৪.২০২১
(৪) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৩৪, তারিখ: ২৮.০৪.২০২১
(৫) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১, তারিখ: ০৫.০৫.২০২১
(৬) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫১, তারিখ: ১৬.০৫.২০২১
(৭) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৪, তারিখ: ২৩.০৫.২০২১
(৮) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৭, তারিখ: ৩০.০৫.২০২১

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় পূর্বের সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় সূত্রস্থ স্মারকসমূহের নির্দেশনার অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে এ বিধি-নিষেধ আরোপের সময়সীমা **০৬ জুন ২০২১ তারিখ মধ্যরাত হতে ১৬ জুন ২০২১ তারিখ মধ্যরাত** পর্যন্ত বর্ধিত করা হলো-

(ক) সকল পর্যটনস্থল, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;

(খ) জনসমাবেশ হয় এ ধরণের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি), রাজনৈতিক ও ধর্মীয় আচার অনুষ্ঠান বন্ধ রাখতে হবে;

(গ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁসমূহ সকাল ০৬-০০ ঘটিকা হতে রাত ১০-০০ ঘটিকা পর্যন্ত খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করতে পারবে এবং আসন সংখ্যার অর্ধেক সেবাগ্রহীতাকে সেবা প্রদান করতে পারবে;

(ঘ) কোভিড-১৯ এর উচ্চঝুঁকি সম্পন্ন জেলাসমূহের জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট কারিগরি কমিটির সঙ্গে আলোচনা করে স্ব-স্ব এলাকার সংক্রমণ প্রতিরোধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন; এবং

(ঙ) আন্তঃজেলাসহ সব ধরণের গণপরিবহন আসন সংখ্যার অর্ধেক যাত্রী নিয়ে চলাচল করতে পারবে। তবে, অবশ্যই যাত্রীসহ সংশ্লিষ্ট সকলকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মানতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬.০৬.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:
১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার (সকল)।
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।